

# নৈতিক শিক্ষার অভাবে শিক্ষকরা লাঞ্ছিত হচ্ছেন

চবি প্রতিনিধি

১৪ সেপ্টেম্বর ২০২৩, ০৫:৩৬ পিএম



বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সাবেক চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বলেছেন, দেশের শিক্ষাব্যবস্থায় নৈতিকতার শিক্ষা না দেওয়ায় ছাত্রদের কাছে লাঞ্ছিত হচ্ছেন শিক্ষকরা।

আজ বৃহস্পতিবার দুপুরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) এক সেমিনারে এ কথা বলেন অধ্যাপক আবদুল মান্নান। বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান অনুষদের মিলনায়তনে আয়োজিত ‘বঙ্গবন্ধুর শিক্ষাচিন্তা ও আজকের বাংলাদেশ’ শীর্ষক সেমিনারে একক প্রবন্ধ উপস্থাপন করেন তিনি। এতে সভাপতিত্ব করেন সমাজবিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক সিরাজ উদ দৌল্লাহ।

চবির সাবেক এই উপাচার্য বলেন, ‘একজন শিক্ষককে জুতার মালা পরিয়ে পুলিশের সামনে দিয়ে নিয়ে যাচ্ছে, এমন দৃশ্য কোনো সভ্য দুনিয়াতে পাওয়া যাবে না।’

অধ্যাপক আবদুল মান্নান আরও বলেন, ‘বঙ্গবন্ধু গুরুত্বপূর্ণ পদগুলোতে যোগ্য ব্যক্তিদের পদায়ন করতেন। বর্তমানের মতো তখন আমলা বা প্রশাসকদের লাগামহীন দূরত্ব ছিল না। আমলারা যখন দেশে আমলাতন্ত্র শুরু করেন, তখন দেশের সর্বনাশ শুরু হয়। সেটি বঙ্গবন্ধু পাকিস্তানের ২৩ বছরে দেখেছেন,

উপলব্ধি করেছেন। পাকিস্তানের বর্তমান অবস্থার প্রধান কারণ দেশটির সামরিক-বেসামরিক আমলাদের রাষ্ট্রীয় কাজে অযৌক্তিকভাবে হস্তক্ষেপ ও তাদের শ্রেষ্ঠত্ব প্রমাণ করার মানসিকতা।’

সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চবির উপাচার্য শিরীণ আখতার। মুখ্য আলোচক ছিলেন চিটাগং ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক মাহফুজুল হক।

[শিক্ষা](#) থেকে আরও পড়ুন